শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের 'সহকারী প্রকৌশলী [বিদ্যুৎ]' ও 'এস্টিমেটর' পদের MCQ ধরনের বাছাই পরীক্ষা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

তারিখ ২৯.০৯.১৪২৮ বঙ্গাব্দ
১৩.০১.২০২২ খ্রিস্টাব্দ

নং-৮০.০০.০০০০.১০৯.১১.০০১.২০২০ [অংশ-১]- ০৭

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের 'সহকারী প্রকৌশলী [বিদ্যুৎ]' ও 'এস্টিমেটর' পদে প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৯ম গ্রেডের 'সহকারী প্রকৌশলী [বিদ্যুৎ]' ও ১০ম গ্রেডের 'এস্টিমেটর' পদে [নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ১৮ ও ২২; তারিখ: ০৪.০৬.২০২০] নিম্নবর্ণিত রেজি: নম্বরধারী প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্র: নং	পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা	কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়
১.	সহকারী প্রকৌশলী [বিদ্যুৎ] বিজ্ঞপ্তি নম্বর: ১৮ তারিখ: ০৪.০৬.২০২০	০০০০০১-০০১৬০০ পর্যন্ত	১৬০০ জন	শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা	২৪.০১.২০২২ বিকাল ৩:০০-৪:০০ মিনিট
		০০১৬০১-৮০০২০০ পর্যন্ত	১৭২২ জন	বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, ঢাকা।	
২.	এস্টিমেটর বিজ্ঞপ্তি নম্বর: ২২ তারিখ: ০৪.০৬.২০২০	০০০০০১-৮০০২০০ পর্যন্ত	১৯১৭ জন	বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, ঢাকা।	০৩.০২.২০২২ বিকাল ৩:০০-৪:০০ মিনিট

সময়সূচি ও জরুরি নির্দেশাবলি:

সময়সূচি	পরীক্ষার্থীদের করণীয়
বেলা ২:০০-২:৩০ মিনিট	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
বেলা ২:৩০ মিনিট	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা ও রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে উত্তরপত্রের নির্ধারিত স্থানে স্বাক্ষর করার পর হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। কেন্দ্রের বৃত্তটি ঢাকা পূরণ করতে হবে।
বিকাল ৩:০০ মিনিট	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক ও অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। বিকাল ৩:০০ টার সময় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না কিংবা পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কেন্দ্র থেকে বেরও হতে পারবেন না।

২.ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ০৬[ছয়] ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ [সংখ্যাসমূহ] উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তটি ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

গ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেয়া হবে না।

ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। প্রত্যেক প্রার্থীর হাজিরা তালিকায় লিপিবদ্ধ রেজিস্ট্রেশন নম্বর, প্রার্থীর ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ. পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, কোনো ধরনের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না। প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়।

চ. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক্স ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত কোনো সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে কিংবা উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

জ. এ পরীক্ষায় মোট ১০০[একশত] টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ১০০[একশত]। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১[এক] নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ০১[এক] ঘণ্টা।

ঝ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদেরকে ২০.১২.২০২১ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময়ে] শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৯ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

ঞ. পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নিকট কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। কর্ম কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইট ও বাংলাদেশ টেলিটক লি: এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

ট. কোনা পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য [substantive] ঘাটতি পাওয়া গেলে লিখিত পরীক্ষা বা মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

ঠ. প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাস্ক পরিহিত অবস্থায় বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

০৬/০১/2022

[মো: নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক[নন-ক্যাডার]
[যুগ্মসচিব]